

দামপাড়া কারার মাহতাব উদ্দিন উচ্চ বিদ্যালয়  
স্থাপিতঃ ১৯৮৫ইং, ডাকঘরঃ দামপাড়া, উপজেলাঃ নিকলী, জেলাঃ কিশোরগঞ্জ।  
বিদ্যালয় কোডঃ ৭৯০২, থানা কোডঃ ৩০৭, জেলাঃ কোডঃ ৩৭,  
এমপিও কোডঃ ৩৯১০০১১৩০২, উপবৃত্তি কোডঃ ১০০৯৭৯৩, EIIN:১১০৫৩৩  
ই-মেইল: [damparakmuhighschool@yahoo.com](mailto:damparakmuhighschool@yahoo.com)  
**Web:** [Damparakmuhschool.edu.bd](http://Damparakmuhschool.edu.bd)  
বিদ্যালয় মোবাইল নং: ০১৯১৭৮৬৭৬৭৮

## দামপাড়া কারার মাহতাব উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ইতিহাস

কিশোরগঞ্জ জেলার হাওড় কুল ঘেষে একটি উপজেলা নিকলী, নিকলী উপজেলার পশ্চাৎপদ একটি ইউনিয়ন দামপাড়া। অনুন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অনগ্রসরতার কারণে অত্র এলাকার মানুষ পড়া-লেখায় বরাবরই পিছিয়ে ছিল। গুটি কতক শিক্ষার্থী নিকলী সদরে গিয়ে পারিবারিক ও নিজেদের একান্ত চেষ্টায় পড়া-লেখা চালিয়ে গিয়ে ছিল। এমন বাস্তবতার তৎকালীন সচেতন ব্যক্তিবর্গ দামপাড়া ইউনিয়নে একটি উচ্চ বিদ্যালয় স্থাপন করার উদ্যোগ গ্রহণ করেন। এর ধারা বাহিকতায় ১২/১২/১৯৮৪ ইং তারিখে দামপাড়া ইউনিয়ন পরিষদের আঙ্গিনায় জনাব আলহাজ্ব আব্দুল হাসিম, চেয়ারম্যান দামপাড়া ইউ.পি এর সভাপতিত্বে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সুধী সমাজ বিদ্যালয় স্থাপনের পক্ষে তাদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। সকলেই বিদ্যালয়ের জন্য উপযুক্ত জায়গা ও অবকাঠামো নির্মাণে প্রয়োজনীয় অর্থসংগ্রহের বিষয়ে বিস্তারিত আলোচনার পর জনাব কারার মাহতাব উদ্দিনকে সভাপতি ও জনাব আরব আলী কে সাধারণ সম্পাদক করে ৪৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় এবং ১৫/১২/১৯৮৪ ইং তারিখে ব্যাপক প্রচার করে ২য় সভার আহবান করে সভার সমাপ্তি ঘোষণা করেন। ১৫/১২/১৯৮৪ ইং তারিখে একই স্থানে জনাব কারার মাহতাব উদ্দিন সাহেবের সভাপতিত্বে ২য় সভার কার্যক্রম শুরু হয়। সভার বিস্তারিত আলোচনার পর জনাব কারার মাহতাব উদ্দিন সাহেব বিদ্যালয় স্থাপনের জন্য এক(১) একর ৫০শতাংশ জায়গা যার বাজার মূল্য ৬০,০০০ টাকা এবং অবকাঠামো নির্মাণের জন্য ১২৫০০০ টাকা দান করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব বিস্তারিত আলোচনার পর সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় এবং উনার প্রতি কৃতজ্ঞতা বশত বিদ্যালয়ের নাম করণ দামপাড়া কারার মাহতাব উদ্দিন জুনিয়র হাইস্কুল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং আগামী ০১/০১/১৯৮৫ ইং তারিখে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিদ্যালয়ের প্রথম শ্রেণি কার্যক্রম মধ্যদামপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণি কক্ষে অস্থায়ীভাবে শুরু হয় এবং পরবর্তীতে বর্তমান স্থানে অবকাঠামো নির্মাণ হলে বর্তমান স্থানে বিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠাকালীন শিক্ষক কর্মচারী বৃন্দ:

১. জনাব মোঃ আব্দুর রাশিদ ভূইয়া, বি.কম( বি.এড) প্রধান শিক্ষক
২. জনাব মোঃ আব্দুছ ছাত্তার বি.এ

- ৩.জনাব পরিমল চন্দ্র সূত্রধর সহকারী শিক্ষক
- ৪.জনাব মোঃ হোসেন আলী সহকারী শিক্ষক
- ৫.জনাব মোঃ রিয়াজ উদ্দিন সহকারী শিক্ষক
- ৬.জনাব গৌরঙ্গ সূত্রধর সহকারী শিক্ষক
- ৭.জনাব শ্যামকৃষ্ণ সূত্রধর অফিস সহকারী

বিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকেই বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফলে উপজেলার শ্রেষ্ঠতম স্থান অর্জন করে। ২০১৪ সালে জে.এস.সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জেলায় ১০ম স্থান অধিকার করে। শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় অত্র স্কুলের কৃতি খেলোয়ার মোঃ রুমান ২০১১ সালে ৪০০মিটার দৌড় প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে ১ম স্থান অধিকার করে। ২০১৪ সালে আরেক কৃতি খেলোয়ার মোঃ সুলাইমান ২০০ মিটার ও ৪০০ মিটার দৌড় প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে ১ম স্থান অধিকার করে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬ ও ২০১৯ সালে দামপাড়া কারার মাহতাব উদ্দিন উচ্চ বিদ্যালয় উপজেলায় মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হয়। অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ দেলোয়ার হোসেন, ২০১৬, ২০১৮ ও ২০১৯ সালে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক ও উল্লেখ্য যে ২০০৩ সালে শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হন এবং সুমন চন্দ্র সাহা, সহকারী শিক্ষক ২০১৮ ও ২০১৯ সালে শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হয়। অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত ৬৩ জন ভর্তি হওয়ার গৌরব অর্জন করে। এ পর্যন্ত বিভিন্ন পাবলিক মেডিকেল কলেজে ৬ জন শিক্ষার্থী ভর্তি হওয়ার গৌরব অর্জন করে। এ পর্যন্ত অত্র বিদ্যালয়ের ৫ জন শিক্ষার্থী BCS পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারের বিভিন্ন দপ্তরে উচ্চ পদে কর্মরত আছেন। অত্র বিদ্যালয়ের কৃতি শিক্ষার্থী জনাব রুহুল কুদ্দুস ভূইয়া (জনি) নিকলী উপজেলার বর্তমান নির্বাচিত চেয়ারম্যান।

#### প্রতিষ্ঠাকালীন কমিটি:-

- ১.উপজেলা নির্বাহী অফিসার সভাপতি
- ২.জনাব আঃ হাসিম চেয়ারম্যান-সহ সভাপতি
৩. কারার মাহতাব উদ্দিন,প্রতিষ্ঠাতা -সদস্য
- ৪.আঃ মজিদ -সদস্য
- ৫.হোসেন আলী -সদস্য
- ৬.আবু বকর ছিদ্দিক-সদস্য
- ৭.রইছ উদ্দিন-সদস্য
- ৮.শাহ আঃ করিম-সদস্য
- ৯.আঃ হক মাষ্টার-সদস্য
- ১০.মাসুদ আলী-সদস্য
- ১১.আব্দুর রাশিদ ভূইয়া-প্রধান শিক্ষক( সদস্য সচিব)